

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড
প্রবাসী কল্যাণ ভবন
৭১-৭২ পুরাতন এলিফ্যান্ট রোড, ইস্কাটন গার্ডেন, ঢাকা।
www.wewb.gov.bd

বিষয়: ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ডে অনুষ্ঠিত জাতীয় শুদ্ধাচার ও নৈতিকতা কমিটির সভার কার্যবিবরণী।


সভাপতি : মোঃ হামিদুর রহমান
মহাপরিচালক
তারিখ : ২৯ ডিসেম্বর, ২০২০
সময় : ১০.০০ টা
স্থান : মহাপরিচালকের অফিস কক্ষ

সভায় উপস্থিত কর্মকর্তাগণের তালিকা পরিশিষ্ট “ক” তে দৃষ্টব্য।

২.০ সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ডের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা, ২০২০-২০২১ এর দ্বিতীয় কোয়ার্টার (অক্টোবর-ডিসেম্বর) বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন নিয়ে বিস্তারিত আলোচনা ও পর্যালোচনা করে নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়:-

ক্র/ম.	বিষয়	আলোচনা	সিদ্ধান্ত
১.০	জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা, ২০২০-২০২১ এর দ্বিতীয় কোয়ার্টারের বাস্তবায়ন অগ্রগতি পরিবীক্ষণ সংক্রান্ত।	ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ডের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা, ২০২০-২০২১ এর দ্বিতীয় কোয়ার্টার (অক্টোবর-ডিসেম্বর) বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন নিয়ে আলোচনা ও পর্যালোচনা করা হয়। প্রথমে সভাপতি ১ম কোয়ার্টারে বাস্তবায়নযোগ্য সকল কার্যক্রম যথাযথভাবে সম্পন্ন করার বিষয়ে জানতে চান। পরিচালক (আইআরপি) জানান যে, কর্ম-পরিকল্পনা অনুযায়ী ১ম কোয়ার্টারের সকল কার্যক্রম সঠিকভাবে সম্পন্ন করা হয়েছে। দ্বিতীয় কোয়ার্টারে অংশীজনের অংশগ্রহণে একটি সভা/কর্মশালা গত ২১-১২-২০২০ তারিখে সম্পন্ন হয়েছে। পরিচালক (অর্থ ও কল্যাণ) অংশীজনের অংশগ্রহণের সভার সিদ্ধান্ত ও পরামর্শ অনুযায়ী পরবর্তী করণীয় যথাসময়ে সম্পন্ন করা হবে মর্মে অবহিত করেন। ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড কর্মকর্তা-কর্মচারী প্রবিধানমালা গত ২৮-১২-২০২০ তারিখে গেজেট আকারে প্রকাশিত হয়েছে। জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা, ২০২০-২০২১ অনুযায়ী পরবর্তী কোয়ার্টারের সকল কার্যক্রম যথাসময়ে সম্পাদনের বিষয়ে গুরুত্ব প্রদান করা হয়। দ্বিতীয় কোয়ার্টারের (অক্টোবর-ডিসেম্বর) বাস্তবায়ন অগ্রগতির প্রতিবেদন অনুমোদন ও দ্রুত মন্ত্রণালয়ে প্রেরণের বিষয়ে সভায় উপস্থিত সদস্যগণ একমত পোষণ করেন। সভাপতি শুদ্ধাচার কৌশল সংক্রান্ত যাবতীয় বিষয় কল্যাণ বোর্ডের ওয়েবসাইটে নিয়মিত আপলোড করে আপডেট রাখার নির্দেশনা প্রদান করেন।	১.০ দ্বিতীয় কোয়ার্টারের (অক্টোবর-ডিসেম্বর) বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন অনুমোদন ও মন্ত্রণালয়ে প্রেরণের সিদ্ধান্ত গৃহীত হয়। ২.০ জাতীয় শুদ্ধাচার কৌশল সংক্রান্ত যাবতীয় বিষয় কল্যাণ বোর্ডের ওয়েবসাইটে নিয়মিত আপলোড করে আপডেট রাখার সিদ্ধান্ত গৃহীত হয়। ৩.০ জাতীয় শুদ্ধাচার কৌশল সংক্রান্ত পরবর্তী কোয়ার্টার সমূহের সকল কার্যক্রম পরিকল্পনা অনুযায়ী যথাসময়ে সম্পন্ন করার সিদ্ধান্ত গৃহীত হয়।

৩.০ আর কোনো আলোচ্যসূচি না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।



মোঃ হামিদুর রহমান
মহাপরিচালক(অতিরিক্ত সচিব)

ও

সভাপতি

জাতীয় শুদ্ধাচার ও নৈতিকতা কমিটি